

## আয-যুখরুফ | Az-Zukhruf | الزُّحْرُفُ

আয়াতঃ ৪৩ : ৭০

আরবি মূল আয়াত:

أَدْخُلُوا الْجَنَّةَ أَنْتُمْ وَآزْوَاجُكُمْ تُحْبَرُونَ ﴿٧٠﴾

অনুবাদসমূহ:

তোমরা সঙ্গীক সানন্দে জান্নাতে প্রবেশ কর। — আল-বায়ান

সানন্দে জান্নাতে প্রবেশ কর তোমরা আর তোমাদের স্ত্রীরা। — তাইসিরুল

তোমরা এবং তোমাদের সহধর্মিণীগণ সানন্দে জান্নাতে প্রবেশ কর। — মুজিবুর রহমান

Enter Paradise, you and your kinds, delighted." — Sahih International

৭০. তোমরা এবং তোমাদের স্ত্রীগণ(১) সানন্দে জান্নাতে প্রবেশ কর।

(১) কোন কোন মুফাস্সির বলেনঃ মূল আয়াতে أزواج শব্দ ব্যবহৃত হয়েছে যা স্ত্রীদের বুঝাতেও ব্যবহৃত হতে পারে, আবার কোন ব্যক্তির একই পথের পথিক সমমনা ও সহপাঠী বন্ধুদের বুঝাতেও ব্যবহৃত হয়। এই ব্যাপক অর্থবোধক শব্দটি ব্যবহার করা হয়েছে এ জন্য যে, তার মধ্যে যেন এই উভয় অর্থই शामिल হয়। ঈমানদারদের ঈমানদার স্ত্রীরা এবং তাদের মুমিন বন্ধুরাও জান্নাতে তাদের সাথে থাকবে। [আদওয়াউল বয়ান]

তাফসীরে জাকারিয়া

(৭০) তোমরা এবং তোমাদের সহধর্মিণীগণ সানন্দে জান্নাতে প্রবেশ কর। [1]

[1] أَزْوَاجُكُمْ থেকে কেউ মু'মিন (পার্শ্ব) স্ত্রীগণ, কেউ মু'মিন বন্ধু এবং কেউ জান্নাতের স্ত্রী হ্রগণ অর্থ নিয়েছেন। আর সব অর্থই সঠিক। কারণ, এরা সকলেই জান্নাতে যাবে। حَبْرٌ থেকে গঠিত। অর্থাৎ, সেই আনন্দ ও প্রফুল্লতা যা তাঁরা জান্নাতের নিয়ামত ও সম্মানের কারণে অনুভব করবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4395>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন